রেজাউল করিম

# ডসের ভ্রান্তিদ্বাদশ

ইংরেজীতে তেরো সংখ্যাটির সাথে আনলাকি থার্টিন বা "অপয়া তেরো" কথাটি জড়িত আছে। বাংলায় ঠিক তেমনটি নেই তবে কোন কিছু পণ্ড হয়েছে বোঝাতে "বারোটা বেজে যাওয়ার" কথা বলা হয়। ডস নিয়ে কাজ করতে করতে অনেক সময় এমনিভাবে "বারোটা বেজে যাওয়ার" ঘটনা ঘটে। ডস তখন কমপিউটারের পর্দায় কিছু "এরর মেসেজ" বা ভ্রান্তি সংকেত দেখাতে থাকে। এই রকম বারোটি ভ্রান্তি সংকেতের কারণ ও তার সমাধান নিয়েই এই প্রবন্ধ।

১) "NOT READY READING DRIVE A
ABORT, RETRY, FAIL ?"

অথবা

"NOT READY READING DRIVE B
ABORT, RETRY, FAIL ?"

কারণ ঃ

C ড্রাইভ থেকে A অথবা B ড্রাইভ কিংবা যে কোন ফ্লপি ড্রাইভ থেকে আর একটি ফ্লপি ড্রাইভ পরিবর্তন করলে অথবা উক্ত ফ্লপি ড্রাইভ সংক্রান্ত কোন ডস নির্দেশ (যেমন DIR) দেওয়া হলে এই এরর ম্যাসেজ বা ভ্রান্তি সংকেত কমপিউটারের পর্দায় প্রদর্শিত হতে পারে। এর দুটো কারণ থাকতে পারে ঃ –

ক) ফ্লপি ড্রাইভটি ঠিক মতো বন্ধ করা হয়নি, ড্রাইভ ল্যাচ লাগানো নেই।

খ) ড্রাইভে কোন ডিস্কেট নেই অথবা ডিস্কেট থাকলেও ভালোভাবে প্রবেশ করানো নেই।

সমাধান ঃ

১) সরাসরি A টাইপ করা, তাতে নির্দেশটি এবোর্ট বা পরিত্যাক্ত হবে এবং স্বাভাবিক ডস প্রম্পট দেখা যাবে। এই পদ্ধতিতে ক ও খ এ বর্ণিত অবস্থার পরিবর্তন না করলেও চলবে।

২) ক ও খ এ বর্ণিত ত্রুটি সংশোধন করার পর R টাইপ করতে হবে। R টাইপ করার অর্থ রিট্রাই বা পুনর্বার চেষ্টা করা। অন্য কোন অসুবিধা না থাকলে পূর্ব প্রদত্ত ডস নির্দেশটি পালিত হবে।

৩) ক ও খ এ বর্ণিত ত্রুটি সংশোধন করার পর F চাইপ করা। F এ ফেল বোঝায়। ফলে ডস এরর বা ভ্রান্তিকে উপেক্ষা করে ফ্লপি ড্রাইভ টি ACCESS বা অভিগমন করার চেষ্টা করবে। সম্ভাব্য ক্ষেত্রে ডস নির্দেশটি পালিত হবে।

ব্যতিক্রম ঃ

F টাইপ করার পর অনেক সময় ডস ফ্লপি ড্রাইভ যথাযথভাবে বন্ধ ও ড্রাইভে ডিস্কেট থাকলেও "ABORT, RETRY, FAIL?" এই ভ্রান্তি সংকেত প্রদর্শন করতে পারে।

তখন বুঝতে হবে ডিস্কেটে ত্রুটি দেখা দিয়েছে। সৌভাগ্যক্রমে অনেকক্ষেত্রে F টাইপ করলে ডস ডিস্কেটটি পড়তে পারে, তখনই দ্রুত ডিস্কেটের ফাইলগুলো কপি করে নেওয়া উচিত।

২) "ACCESS DENIED"

কারণ ঃ

ডসের ATTRIB +R নির্দেশের দ্বারা যদি কোন ফাইলের ATTRIBUTE বা প্রকৃতি রিড অনলি করা থাকে, তাহলে ডসের ফাইল মুছে ফেলার নির্দেশ DEL কিংবা নাম পরিবর্তনের নির্দেশ REN প্রদান করলে এই এরর ম্যাসেজ প্রদর্শিত হয়। এর অর্থ প্রদত্ত ডস নির্দেশটিকে অভিগমনের সম্মতি দেওয়া হলো না।

সমাধান ঃ

ফাইলের রিড অনলি প্রকৃতি পরিবর্তন করা হলে কোন অসুবিধার কারণ নেই এই বিষয়ে স্থির নিশ্চিত হবার পর ATTRIB -R নির্দেশের সাহায্যে ফাইলের রিড অনলি প্রকৃতি অপসারণ করার পর DEL বা REN নির্দেশ কার্যকর হবে।

৩) "BAD COMMAND OR FILE NAME"

কারণ ঃ

এই ভ্রান্তি সংকেতটির কয়েকটি কারণ থাকা সম্ভব।

ক) প্রদত্ত ডস নির্দেশটির নামে ভুল আছে, DIR হয়তো FIR হিসাবে টাইপ করা হয়েছে।

খ) ডাইরেকটরী বা PATH এ নেই এমন কোন প্রোগ্রাম চালানোর চেষ্টা করা হয়েছে।

গ) ভুলে প্রোগ্রাম মনে করে কোন টেক্সট বা ডকুমেন্ট অথবা গ্রাফিক্স ফাইলের নাম টাইপ করে এন্টার চাবি টেপা হয়েছে।

সমাধান ঃ

ক ও গ এর জন্য নির্দেশের নাম ঠিক করে টাইপ করতে হবে।

খ) ডাইরেক্টরী ও PATH পরীক্ষা করা দরকার। ডস এর COPY নির্দেশ আভ্যন্তরীণ হলেও XCOPY কিন্তু বাহ্যিক নির্দেশ, ফলে XCOPY প্রোগ্রামটি ডস ডাইরেকটরীতে না থাকলে XCOPY নির্দেশ কার্যকর হবে না। প্রোগ্রাম নির্দিষ্ট ডাইরেক্টরী ও PATH এ থাকতে হবে।

৪) "BAD OR MISSING COMMAND INTERPRETER"

কারণ ঃ

এই এরর মেসেজটি কদাচিৎ দেখা গেলেও এর অর্থ হচ্ছে কমপিউটার চালু হওয়ার জন্য প্রয়োজনীয় COMMAND.COM ফাইলটিকে ডস খুঁজে পাচ্ছে না ফলে কমপিউটার আপাততঃ অকেজো।

সমাধান ঃ

ফ্লপি ডিস্ক ড্রাইভের A ড্রাইভে COMMAND.COM সম্বলিত বুট ডিস্ক প্রবেশ করিয়ে Ctrl-Alt-Del চাবি এক সাথে টিপে ফ্লপি ডিস্ক থেকে কমপিউটার বুট বা চালু করতে হবে। তারপর উক্ত বুট ডিস্ক থেকে COMMAND. COM ফাইলটি হার্ডডিস্কের রুট ডাইরেক্টরীতে কপি করতে হবে। এরপর বুট ডিস্ক অপসারণ করে Ctrl-Alt-Del চাবি টিপে কমপিউটার পুনরায় চালু করতে হবে। অন্য কোন অসুবিধা না থাকলে কমপিউটার ঠিক মতো কাজ করবে। COMMAND.COM ফাইলের ATTRIBUTE বা প্রকৃতি ডসের ATTRIB নির্দেশের সাহায্যে রিড অনলি করে রাখা দরকার। সর্বদা হাতের কাছে 'বুট ডিস্ক' থাকা প্রয়োজন।

৫) "FILE NOT FOUND"

কারণ ঃ

এই এরর ম্যাসেজের অর্থ, 'ডস' নির্দেশের মাধ্যমে প্রদত্ত ফাইলটি খুঁজে পাচ্ছে না। ডস ডাইরেক্টরীতে যদি DOSKEY প্রোগ্রাম না থাকে আর যদি নির্দেশ দেওয়া যায়ঃ DIR C:\DOS\DOSKEY তাহলে এই ভ্রান্তি সংকেত মনিটরের পর্দায় দেখা যাবে। "BAD COMMAND OR FILE NAME" এই ভ্রান্তি সংকেতটির সাথে "FILE NOT FOUND" এর পার্থক্য হচ্ছে প্রথমটিতে নির্দেশ বা ফাইল ঘটিত ত্রুটির প্রতি ইঙ্গিত আছে। আর "FILE NOT FOUND" এ বোঝানো হচ্ছে ডস নির্দেশ ঠিক আছে কিন্তু যে ফাইল খোঁজা হচ্ছে সেটা উদ্দিষ্ট স্থানে নেই।

সমাধানঃ

ফাইলের নাম টাইপ করতে ভুল হয়েছে কিনা দেখা দরকার একই সাথে PATH ও ডাইরেক্টরীর নাম ও ঠিক আছে কিনা সেটাও পরীক্ষা করতে হবে। সত্যিই ফাইলটি না থাকলে ফ্লপি ডিস্ক বা অন্য ডাইরেক্টরী খোঁজ করে দেখে যথাস্থানে প্রয়োজনীয় ফাইলটি কপি করা যেতে পারে।

৬) "GENERAL FAILURE READING DRIVE A" অথবা "GENERAL FAILURE READING DRIVE B"

কারণ ঃ

এই ভ্রান্তি সংকেতের অর্থ ডস ড্রাইভের ডিস্কেটটি পড়তে পারছে না। ফ্লপি ডিস্কেটটি সম্ভবতঃ ফরম্যাট করা নেই অথবা ডিস্কেটটি ত্রুটি যুক্ত।

সমাধান ঃ

ক) নর্টন ইউটিলিটি ৭-এর NDD প্রোগ্রাম (লেখকের কমপিউটার জগৎ ফেব্রুয়ারী ১৯৯৪ সংখ্যায় "নর্টন ইউটিলিটিজ ৭ ঃ ডসের সহায়ক প্রোগ্রাম' শীর্ষক লেখা দ্রষ্টব্য।) ব্যবহার করে, অথবা ডস ৬.২ এর SCANDISK প্রোগ্রাম ব্যবহার করে ডিস্কেটের খুঁত নির্ণয় ও সারানো যেতে পারে।

খ) ডিস্কেটটি ফরম্যাট করা কিনা সে ব্যাপারে নিশ্চিত হতে হবে।

৭) "INCORRECT DOS VERSION"

কারণ ঃ

এই এরর ম্যাসেজের অর্থ ডস এর বিভিন্ন ভার্শনের নির্দেশের মিশ্রণ ঘটেছে। ডস ৬ (বা ৬.২) এর কোন নির্দেশ যেমন CHKDSK যদি ডস ৫ এর সাহায্যে চালু কোন কমপিউটারে প্রদত্ত হয় তাহলে এই ভ্রান্তি সংকেতটি প্রদত্ত হবে।

সমাধান ঃ

কমপিউটারে স্থাপিত ডস ভার্শনের প্রোগ্রাম ফাইল ব্যবহার করতে হবে। বর্ণিত ক্ষেত্রে ডস ৫ এর CHKDSK প্রোগ্রাম করা প্রয়োজন।

৮) "NON-SYSTEM DISK OR DISK ERROR"

কারণ ঃ

ড্রাইভ A তে বুট ডিস্কের বদলে অন্য কোন ডিস্ক থাকা অবস্থায় কমপিউটার চালু হলে এই এরর ম্যাসেজটি দেখা যাবে।

সমাধান ঃ

ক) কমপিউটারে যদি হার্ডডিস্ক থাকে তাহলে ফ্লপি ডিস্কটি সরাতে হবে অথবা ড্রাইভটি খোলা রেখে আবার কমপিউটার চালু করতে হবে।

খ) কমপিউটারে হার্ড ডিস্ক না থাকলে নির্দিষ্ট বুট ডিস্কটি (যাতে COMMAND.COM সিস্টেম ফাইলগুলো আছে) ড্রাইভ A তে দিয়ে কমপিউটার চালাতে হবে।

৯) "INVALID DIRECTORY"

কারণ ঃ

CD টাইপ করে যদি এমন কোন ডাইরেক্টরীর নাম টাইপ করা হয় যেটা আদতেই নেই তাহলে এই এরর ম্যাসেজটি প্রদর্শিত হবে। আছে এমন ডাইরেক্টরীর নাম যদি ভুল টাইপ করা হয় তাহলেও পূর্বোক্ত ত্রুটির শর্ত পালিত হবে।

সমাধান ঃ

ডসের DIR নির্দেশের সাহায্যে ডাইরেক্টরীর নাম ভালো করে অনুসন্ধান করা দরকার। ডসের TREE ও MORE নির্দেশ ব্যবহার করলে শাখাযুক্ত ডাইরেক্টরীর তালিকা প্রদর্শিত হবে। ডাইরেক্টরীর নাম টাইপে ভুল থাকলে সংশোধন করতে হবে।

১০) "INVALID NUMBER OF PARAMETERS"

কারণ ঃ

ডস নির্দেশের সাথে যে সুইচগুলো ব্যবহার করা হয় তাতে কোন রকম ভুল থাকলে এই ভ্রান্তি সংকেতটি প্রদর্শিত হবে।

সমাধান ঃ

সুইচগুলো ঠিকভাবে টাইপ করতে হবে। C:\WPDOC ডাইরেক্টরীর সব ফাইল যদি B ড্রাইভে BACKUP করতে হয় এবং একই সাথে যদি B ড্রাইভে WPDOC.LOG নামে একটি ফাইল তালিকা তৈরী করতে হয় তাহলে টাইপ করতে হবে।

BACKUP C:\WPDOC*.* B:/S/L: B: WPDOC.LOG। এই সুইচগুলো লেখার সময় স্পেস দিতে বা সুইচ এর স্ল্যাস চিহ্ন টাইপে যাতে হেরফের না হয় সেদিকে খেয়াল রাখা দরকার।

১১) "UNABLE TO CREATE DIRECTORY"

কারণ ঃ

ডস ডাইরেক্টরী তৈরী করতে অসম্মতি জ্ঞাপন করছে কারণ –

ক) ঠিক একই নামের এমন একটি ফাইল আছে যার কোন এক্সটেনশন নেই।

খ) নামকরণে ডস অসমর্থিত চিহ্ন ব্যবহার করা হয়েছে।

সমাধান ঃ ক) এর জন্য REN নির্দেশের সাহায্যে উক্ত ফাইলটির সাথে একটি এক্সটেনশন যোগ করতে হবে।

খ) এর জন্য ডস সমর্থিত চিহ্ন ব্যবহার করা প্রয়োজন।

১২) "PACKED FILE IS CORRUPT"

কারণ ঃ

ডস ৫ বা ডস ৬ (৬.২সহ) এর কনফিগ সিস ফাইলে DOS=HIGH, UMB এই নির্দেশের সাহায্যে ডসকে উর্ধ্বস্মৃতি এলাকায় কার্যকর করে তুলে প্রমিত বা কনভেনশনাল স্মৃতির আয়তন বর্ধিত করার বন্দোবস্ত আছে। এতে যে ভাবে স্মৃতি ব্যবস্থাপনার ব্যাপারটি সাধিত হয় তার সাথে কোন প্রোগ্রামের গঠন যদি সঙ্গতিপূর্ণ না হয় তাহলে স্মৃতি ব্যবস্থাপনা ঘটিত অসঙ্গতির ফলে প্রোগ্রামটি চলবে না এবং উল্লিখিত এরর ম্যাসেজটি মনিটরে দেখা যাবে।

সমাধান ঃ

LOADFIX টাইপ করে স্পেস রেখে প্রোগ্রামটির নাম টাইপ করে এন্টার চাবি টিপতে হবে। যদি প্রোগ্রামটির নাম CL.EXE হয় তাহলে টাইপ করতে হবে LOADFIX CL.

আশা করা যায় ব্যবহারকারীবৃন্দ এই বারো রকম ঝঞ্ঝাটের সমাধান নিজেরাই করে তাদের প্রয়োজনীয় কাজের গতিকে অব্যাহত রাখতে পারবেন, তাঁদের চিত্ত হবে প্রসন্ন, কর্ম হবে আনন্দ স্পন্দিত।


**দ্রুত কমপিউটার জগৎ পেতে হলে**

"কমপিউটার জগৎ" বের হওয়ার কয়েক ঘন্টার মধ্যে ঢাকায় পাওয়া যায় – নিউ মডেল লাইব্রেরী - বেক্সীকমপ্লেক্স, উত্তরা ; মোস্তফা বুক স্টল- কলাবাগান বাস স্ট্যান্ড ; মনা নিউজ কর্ণার - পিজি হাসপাতালের নীচে; অনুপম জ্ঞানভান্ডার- ঢাকা স্টেডিয়াম (দোতলা) ; সাগর পাবলিশার্স - নিউ বেইলী রোড ; সৃজনী - কমলাপুর রেল স্টেশন।



DON'T BUY A NEW 80386 SX OR 80386 DX COMPUTER SYSTEM !

If you are a XT System owner.

Because You are getting 80386 SX & 80386 DX Computer System with 1 MB RAM at Tk. 7,500/= & Tk. 11,000/= Appr.



With ......

- √ One year warranty for new accssories
- √ All types of Software installation free
- √ Installation of any other accessories free

So What More !

Quick ! Before your old XT or 286 unfortunately hangs with your command.

Please call 501072 for details

BANGLADESH COMPUTERS & ENGINEERS
257/7 Elephant Road (Kataban), Dhaka-1205
Phone : 501072, Fax : 880-2-863060
Tlx : 642986 MASIS BJ